



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা



জুলাই/২০২০ হতে সেপ্টেম্বর/২০২০ সময়কালের ১ ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সতী প্রসন্ন দত্ত, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুঃআঃকাঃ, ভোলা ।
সভার তারিখ ও সময় : ০৫ অক্টোবর, ২০২০ সময়ঃ ০১.০০ টা ।
সভার স্থান : বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ভোলা ।

সভার শুরুতে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে নতুন অর্থবছরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিক কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান । জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী গৃহীত সকল কার্যক্রম দায়সাড়ভাবে সম্পাদন না করে অত্র কার্যালয়সহ সকল শাখায় প্রকৃত অর্থেই শুদ্ধাচার চর্চা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করার আহবান জানান ।

- ০২। সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জুলাই - ২০২০ হতে সেপ্টেম্বর-২০২০ সময়কালের ১ ম প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার উদ্দেশ্যে উপস্থাপন করেন ।
- ০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপরে বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ
 - ৩.১। শাখা কার্যালয়ের অভিযোগ বাস্তব নিয়মিত পরীক্ষা করে গ্রাহকের কোনো অভিযোগ পাওয়া গেলে অত্র কার্যালয় কর্তৃক দ্রুত সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে ।
 - ৩.২। ব্যাংকের কর্মপরিকল্পনা মোতাবেক আগামী জুন-২০২১ এর মধ্যে অত্র মুখ্য অঞ্চলাধীন সকল শাখা অনলাইন ব্যাংকিং সেবায় আওতায় আনার জন্য বিকেবি, প্রধান কার্যালয়ের আইসিটি অপারেশন বিভাগ এবং আইসিটি সিস্টেমস, মোবাইল ব্যাংকিং ও কার্ড বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ।
 - ৩.৩। বাংলাদেশ কৃষি ব্যাংক এর হিসাব ম্যানুয়াল, ঋণ ম্যানুয়াল ও পকিঙ্গনা পরিপত্রসমূহ যথাযথভাবে প্রয়োগ করে বাস্তবায়ন করতে হবে ।
 - ৩.৪। ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণে স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত করার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ও পরিপালন ম্যানুয়াল-২০১৮, ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা - ২০১৮ এবং শাখা ব্যবস্থাপকদের ব্যবসায়িক ও ঋণ নবায়ন ক্ষমতা সংক্রান্ত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে ঋণ প্রদান করতে হবে ।
 - ৩.৫। সামাজিক নিরাপত্তার আওতায় বিভিন্ন ভাতা/কর্মসূচীসমূহ সঠিকভাবে ও নৈতিকতার সাথে পরিপালন করে বরাদ্দকৃত অর্থ স্ব স্ব হিসাবে বন্টন করতে হবে ।
 - ৩.৬। গ্রাহক সেবা বিষয়ক শাখা/কার্যালয়ে গনশুনানি/গ্রাহক সমাবেশ আয়োজন করতে হবে ।
 - ৩.৭। শাখা/কার্যালয়ে বরাদ্দকৃত বাজেটের সদ্যবহার নিশ্চিত করতে হবে ।
 - ৩.৮। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা/কর্মচারীগণের মাধ্যমে শতভাগ বাস্তবায়ন করতে হবে ।
 - ৩.৯। উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ২য় ত্রৈমাসিক/প্রান্তিকের (অক্টোবর-২০২০ হতে ডিসেম্বর-২০২০) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে ।

(সতী প্রসন্ন দত্ত)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
সভার সভাপতি

নং-সি আর এম/ভোলা-১.৫১/২০২০-২১/৬১৬

তাং ৫ ০৫.১০.২০২০ খ্রি:

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা ।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা ।
- ০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা বিকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল ।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ভোলা ।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, ভোলা মুখ্য অঞ্চল, ভোলা ।
- ০৬। অফিস কপি ।

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা